

পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

পিএসডি সার্কুলার লেটার নং- ০২/২০২০

তারিখঃ ২৬ মাঘ ১৪২৬  
৯ ফেব্রুয়ারি ২০২০

প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক  
সকল মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) প্রোভাইডার  
প্রধান কার্যালয়  
ঢাকা

প্রিয় মহোদয়,

তথ্য প্রাপ্তির লক্ষ্যে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসসমূহের গ্রাহক এবং লেনদেনের তথ্য প্রাপ্তিসহ  
সব ধরনের সহায়তা নিশ্চিতকরণ প্রসঙ্গে।

দুর্নীতি দমন কমিশনে অনুষ্ঠিত ২১-১১-২০১৯ তারিখের সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসারে আপনাদেরকে নিম্নোক্ত পরামর্শ  
প্রদান করা যাচ্ছে-

- ১। সংশ্লিষ্ট সকল এমএফএস প্রোভাইডার প্রতিষ্ঠান কর্তৃক এমএফএস একাউন্টের সকল ধরনের ক্যাশ ইন/ ক্যাশ আউটের  
ডিজিটাল মানি রিসিটের বিস্তারিত তথ্য দুদকের অনুসন্ধান/তদন্তের প্রয়োজনে সরবরাহ;
- ২। এমএফএস সমূহের গ্রাহক এবং লেনদেনের তথ্য ভান্ডার থেকে দুদকের কর্মকর্তাকে রিয়েল টাইম তথ্য প্রাপ্তি  
নিশ্চিতকরণ;
- ৩। একাধিক একাউন্টের মাধ্যমে অস্বাভাবিক লেনদেন রোধে জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে সংশ্লিষ্ট প্রোভাইডার কর্তৃক  
যথাযথ পদক্ষেপ গ্রহণ।

(মুহম্মদ বদিউজ্জামান দিদার)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ০২৯৫৩০৬১১